গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং ঃ জাঃআঃসঃপ্রঃসঃ/১৬/২০১৪-২০৯ তারিখ ঃ ২৮/০৫/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ 'সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান' প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে মামলা জট নিরসনে জেলা লিগ্যাল এইড অফিসে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের মানোন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান' প্রকল্পের আওতায় সরকারি আইনি সহায়তা কার্যক্রমের সাথে সম্পৃক্ত জনবলকে মামলা জট নিরসনে জেলা লিগ্যাল এইড অফিসে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের মানোন্নয়ন বিষয়ক পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সংশোধিত প্রকল্পের কর্ম-পরিকল্পনা অনুসারে স্থানীয় পর্যায়ে সর্বমোট ৬৮টি প্রশিক্ষণ বাস্তবায়ন করতে হবে। এরই ধারাবাহিকতায় প্রকল্পের আওতায় ৬৪ জেলা লিগ্যাল এইড অফিসারদের মামলা জট নিরসনে বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ক প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পাশাপাশি ৬৪ জেলা লিগ্যাল এইড কর্মচারীদের উক্ত বিষয়ে কেন্দ্রীয় পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

২। কেন্দ্রীয় পর্যায়ে যে সকল লিগ্যাল এইড অফিসার প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন তাঁরা নিজ নিজ জেলায় প্রশিক্ষক হিসেবে সংস্থা কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করবেন। এভাবে প্রতিটি জেলায় মোট ১টি করে ৬৪ টি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনের জন্য APPENDIX-০৩ এর ক্রমিক নং ৩, ৪ ও ৫ অনুসারে প্রশিক্ষক ও অংশগ্রহণকারীর সম্মানী ভাতা এবং অন্যান্য খরচ নির্বাহ করার বিষয়টি অন্তর্ভূক্ত আছে। উক্ত ০৩ টি খাতে বরাদ্দকৃত ২১,৭৬,০০০/- টাকা স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণ করা হয়েছে। এছাড়াও কেন্দ্রীয় কার্যালয় হতে প্রশিক্ষণের বিভিন্ন উপকরণ যেমনঃ আইনের বই, ফোল্ডার, প্যাড, লিফলেট, কলম ও Tri-Folder (Brochure) প্রতিটি ৪০ টি করে ৬৪ জেলায় ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।

৩। প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত প্রশিক্ষকদের সম্মানী ভাতা, অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা ও বিবিধ খরচ (নাস্তা/দুপুরের আপ্যায়ন, ব্যানার, সার্টিফিকেট, স্টেশনারী ও অন্যান্য) ইত্যাদি সম্পন্ন করার জন্য ৬৪ জেলায় প্রকল্পের APPENDIX-০৩ এর ক্রমিক নং ৩, ৪ ও ৫ অনুসারে প্রশিক্ষণ আয়োজনের জন্য উক্ত তিনটি খাতে ২১,৭৬,০০০/- (একুশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা পূর্ব অনুমোদক্রমে প্রতিটি জেলার জন্য (২১৭৬০০০÷ ৬৪) ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে। নিম্নোক্ত ছকে খাত ভিত্তিক ৬৪ জেলায় বরাদ্দের বিবরণী দেয়া হলো।

ক্র. নং	বিবরণ	অংশগ্রহণকারীর সংখ্যা (প্রতি জন)	দিন সংখ্যা	টাকার পরিমান	মোট খরচ
১	প্রশিক্ষকদের সম্মানী ভাতা	২	১	১০০০	২,০০০/-
২	অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা	৪০	১	৫০০	২০,০০০/-
৩	বিবিধ খরচ ঃ (নাস্তা/দুপুরের আপ্যায়ন, ব্যানার, সার্টিফিকেট, স্টেশনারীঃ হোয়াইট বোর্ড মার্কার পেন, ডাস্টার, কাগজ, টিস্যু ও অন্যান্যঃ ফুল, পানি)	৪০	১	৩০০	১২,০০০/-
				মোট	৩৪,০০০/-

কথায় ঃ চৌত্রিশ হাজার টাকা মাত্র।

এমতবস্থায়, আপনার জেলায় ২০ জুন, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করে প্রশিক্ষণ সংক্রান্ত সমস্ত বিল ভাউচার জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা গেল।

২৮/৫/২০১৭

(মোঃ মোস্তাফিজুর রহমান)
পরিচালক ও প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত)
সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান প্রকল্প
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
ও
অতিরিক্ত সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
ফোন: ৪৯৩৪৯৮০২(অ:)

সংযুক্তি ঃ ১) প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নির্দেশনা।

চেয়ারম্যান
জেলা আইনগত সহায়তা প্রদান কমিটি
এবং
জেলা ও দায়রা জজ..... ।

দৃ:আ: জেলা লিগ্যাল এইড অফিসার..... ।

জ্ঞাতার্থে বিতরণঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রাণালয়।
২। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রাণালয়।
৩। অফিস কপি/গার্ড ফাইল।